



মানব পাচার অপরাধ ও অপরাধের শিকার  
ব্যক্তি শনাক্তকরণ নির্দেশিকা  
(সংশোধিত ২০২৫)

জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## নির্দেশনাবলী

- জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মানব পাচার অপরাধ ও ভিকটিম চিহ্নিতকরণ নির্দেশিকা প্রস্তুত করে যা বিগত ২০/০৭/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় মানব পাচার দমন সংস্থার ৫ম সভায় চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নির্দেশিকাটি পরিমার্জন করে সংশোধিত নির্দেশিকাটি জাতীয় মানব পাচার দমন সংস্থার ১১/০৮/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় মানব পাচার দমন সংস্থার ৯ম সভায় অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- মানব পাচারের অপরাধ ও ভিকটিম সুনির্দিষ্টভাবে চিহ্নিতকরণের উদ্দেশ্যে এই নির্দেশিকাটি প্রস্তুত করা হয়েছে যা ভুক্তভোগী ব্যক্তির সাথে ঘটে যাওয়া অপরাধটি মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২-এর ধারা ৩-এর অধীনে সংঘটিত হয়েছে কি না সে বিষয়ে সুস্পষ্ট ধারণা প্রদান করবে এবং ঘটে যাওয়া মানব পাচার অপরাধের বিভিন্ন পর্যায়ের ব্যাপারে সংগ্রহযোগ্য তথ্য প্রমাণাদি সংগ্রহে একটি নির্দেশনা পেতে সহায়তা করবে।
- অভিযোগকারী/ভুক্তভোগী ব্যক্তির বক্তব্য অনুযায়ী এই নির্দেশিকার “প্রথম অংশ: তথ্য সংগ্রহ”-এর তথ্যাদি তার সম্মতি সহকারে সংগ্রহ করতে হবে, এরপর তথ্য সংগ্রহকারী নির্দেশিকার “দ্বিতীয় অংশ: মূল্যায়ন”-এ দেওয়া তিনটি প্রশ্নে টিক চিহ্ন প্রদান করবেন। প্রত্যেকটি প্রশ্নের ক্ষেত্রেই যদি ন্যূনতম একটি করে টিক চিহ্ন পাওয়া যায়, তাহলে অপরাধটি একটি মানব পাচার অপরাধ হিসেবে গণ্য করা যেতে পারে।
- মানব পাচার অপরাধগুলিতে সাধারণত পাঁচটি পর্যায় থাকে - ১. সংগ্রহ (Recruitment), ২. পরিবহন/স্থানান্তর (Transportation), ৩. শোষণ/নিপীড়ন (Exploitation/Oppression), ৪. উদ্ধার (Rescue), এবং ৫. প্রত্যাবাসন/বাড়ি ফেরত আসা (Repatriation/Home Return)। এই নির্দেশিকার প্রথম অংশ পূরণ করার সময় যে পর্যায় পর্যন্ত ভুক্তভোগী ব্যক্তির ঘটনা প্রয়োজ্য শুধুমাত্র সেই পর্যায় পর্যন্ত তথ্য সংগ্রহ করতে হবে। উদাহরণস্বরূপ, যদি ভুক্তভোগী ব্যক্তি সংগ্রহ/নিয়োগ পর্যায়ে, অথবা যদি পরিবহন/স্থানান্তর শুরু হওয়ার পর গন্তব্যস্থলে পৌঁছানোর আগে উদ্ধার হয়ে যান, তাহলে পরবর্তী পর্যায়গুলির তথ্য সংগ্রহ করার প্রয়োজন নেই। তবে সকল ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক ভুক্তভোগী ব্যক্তিকে শোষণ বা নিপীড়নের উদ্দেশ্যে সংগ্রহ করা হয়েছে কিনা সে বিষয়ে সকল বিস্তারিত তথ্য সংগ্রহ করা অত্যন্ত জরুরি।
- এই নির্দেশিকার প্রেক্ষাপটে “ভুক্তভোগী ব্যক্তি” শব্দ দ্বারা সেই ব্যক্তিকে বোঝানো হয়েছে, যার সাথে ঘটে যাওয়া অপরাধের বিষয়ে তথ্য সংগ্রহ করা হচ্ছে এবং উক্ত অপরাধ মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২-এর ধারা ৩ অনুসারে মানব পাচার অপরাধের আওতায় পড়ে কিনা, তা এই নির্দেশিকার মাধ্যমে নির্ধারণের জন্য যাচাই করা হবে।
- তথ্য সংগ্রহের আগে তথ্য প্রদানকারীকে জানাতে হবে যে তার দেওয়া তথ্যের গোপনীয়তা রক্ষা করা হবে, এবং পরবর্তীতে এই তথ্য ভুক্তভোগী ব্যক্তির প্রয়োজনীয় সেবা প্রদানের স্বার্থে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থার সাথে শেয়ার করা হতে পারে।
- যদি তথ্য প্রদানকারী ভুক্তভোগী ব্যক্তি হন, তাহলে তথ্য সংগ্রহের সময় তথ্য সংগ্রহকারীকে উক্ত ব্যক্তির শারীরিক ও মানসিক অবস্থা বিবেচনায় নিয়ে নিরাপদ পরিবেশে সহানুভূতির সাথে (কোন অবস্থাতেই অভিযুক্ত ব্যক্তির উপস্থিতিতে নয়) মানসিক ট্রমা-ইনফর্মড পদ্ধতিতে তথ্য সংগ্রহ করতে হবে।
- এই নির্দেশিকা অনুযায়ী ভুক্তভোগী ব্যক্তির ঘটনা মানব পাচার অপরাধ হিসেবে চিহ্নিত না হলেও তা বাংলাদেশে বর্তমানে বলবৎ থাকা অন্য যে কোনো আইনের আওতায় অপরাধ হিসেবে প্রতীয়মান হলে সেক্ষেত্রে উক্ত আইনের আওতায় মামলা করার ক্ষেত্রে কোনো বাধা থাকবে না।
- পূরণকৃত নির্দেশিকাটি এজাহার বা পুলিশ রিপোর্টের সঙ্গে সংযুক্ত করা যাবে না।

**প্রথম অংশ : তথ্য সংগ্রহ**

অভিযোগকারীর ব্যক্তিগত তথ্য	
নাম :	লিঙ্গ : <input type="checkbox"/> পুরুষ <input type="checkbox"/> মহিলা <input type="checkbox"/> অন্যান্য
স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :	জন্ম তারিখ :
পিতার নাম :	ফোন :
মাতার নাম :	জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর/পাসপোর্ট নম্বর:
বয়স :	
জাতীয়তা :	
বর্তমান ঠিকানা :	স্থায়ী ঠিকানা :
প্রতিকল্প যোগাযোগঃ	
অভিযোগকারীর সাথে ভুক্তভোগী ব্যক্তির সম্পর্ক (যদি থাকে) :	

ভুক্তভোগী ব্যক্তির ব্যক্তিগত তথ্য (অভিযোগকারী এবং ভুক্তভোগী ব্যক্তি যদি একই ব্যক্তি না হন)	
নাম :	লিঙ্গ : <input type="checkbox"/> পুরুষ <input type="checkbox"/> মহিলা <input type="checkbox"/> অন্যান্য
স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) :	জন্ম তারিখ :
পিতার নাম :	ফোন :
মাতার নাম :	জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর :
বয়স :	
জাতীয়তা :	
প্রতিকল্প যোগাযোগঃ	
বর্তমান ঠিকানা :	স্থায়ী ঠিকানা :

১. সংগ্রহ (RECRUITMENT)	
১	<div> <div>ভুক্তভোগী ব্যক্তিকে কিভাবে সংগ্রহ করা হয়েছিল?</div> <div> <ul style="list-style-type: none"> <li>■ সংগ্রহকারীদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>■ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>■ কোথায় (স্থান) :</li> <li>■ কিভাবে (একাধিক প্রযোজ্য হলে একাধিক টিক হবে): <ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> মিথ্যা প্রতিশ্রুতির মাধ্যমে প্রলোভন দেখিয়ে বা প্রতারণা করে</li> <li><input type="checkbox"/> ভয়ভীতি দেখিয়ে বা বলপ্রয়োগ এর মাধ্যমে</li> <li><input type="checkbox"/> মাদকদ্রব্য ব্যবহার করে অচেতন করে</li> <li><input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তির আর্থিক বা পরিবেশগত বা অন্য কোন অসহায়ত্বকে (vulnerability) কাজে লাগিয়ে</li> </ul> </li> </ul> </div> </div>

		<input type="checkbox"/> নিজেদের ক্ষমতা/অবস্থান-এর অপব্যবহার এর মাধ্যমে <input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তির অভিভাবক অথবা তার ওপর নিয়ন্ত্রণ আছে এরকম কাউকে আর্থিক বা অন্য যে কোনো ধরনের সুবিধা প্রদান করে <input type="checkbox"/> অন্যান্য (বর্ণনা করুন) :
২	উক্ত সংগ্রহকারীদের সাথে ভুক্তভোগী ব্যক্তির বা তার অভিভাবক, অথবা তার ওপর নিয়ন্ত্রণ রয়েছে এমন কোন ব্যক্তির কীভাবে পরিচয় হয়েছিল/বা কীভাবে তার সংস্পর্শে এসেছিলেন?	

২. পরিবহন/স্থানান্তর (TRANSPORTATION)		
৩	ভুক্তভোগী ব্যক্তিকে কোথাও পরিবহন/স্থানান্তর করা হয়েছিল কি না?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বর্ণনা করুন যে স্থানান্তর বা পরিবহনের গন্তব্যস্থল কোথায় ছিল? – <ul style="list-style-type: none"> <li>▪ বাংলাদেশের ভেতরে (এলাকা বর্ণনা করুন) :</li> <li>▪ বাংলাদেশের বাইরে (দেশ ও এলাকা বর্ণনা করুন):</li> </ul>
৪	উক্ত গন্তব্যস্থল ভুক্তভোগী ব্যক্তির কাজক্ষিত গন্তব্যস্থল ছিল কি না?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ
৫	তার বাড়ি/অবস্থান থেকে পরিবহন/স্থানান্তরের উদ্দেশ্যে কখন বের হয়েছিলেন?	<input type="checkbox"/> রওনা দেওয়ার স্থান : <input type="checkbox"/> রওনা দেওয়ার তারিখ এবং সময় :
৬	পরিবহন/স্থানান্তরে কোন কোন যানবাহন ব্যবহৃত হয়েছে, এবং কোন স্থান হতে কোন স্থানে পরিবহন/স্থানান্তর করা হয়েছে তা বর্ণনা করুন।	
৭	যাত্রা গুরুত্ব স্থান হতে গন্তব্যে পৌঁছাতে কতক্ষণ সময় লেগেছে (দিন এবং/অথবা ঘণ্টা)?	

৮	পরিবহন/স্থানান্তর এর সময়ে ভুক্তভোগী ব্যক্তির সাথে সংগ্রহকারী বা তার সহযোগী কোন ব্যক্তি ছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বর্ণনা দিন - <ul style="list-style-type: none"> <li>▪ উক্ত ব্যক্তিদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ সংগ্রহকারীর সাথে সম্পর্ক :</li> <li>▪ অন্য যে কোন গুরুত্বপূর্ণ তথ্য :</li> </ul>
৯	পরিবহন/স্থানান্তর এর যে কোনো পর্যায়ে ভুক্তভোগী ব্যক্তির মতো আর কেউ (অন্য কোনো ভুক্তভোগী ব্যক্তি) কি তাদের সাথে যুক্ত হয়েছিল?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বর্ণনা দিন - <ul style="list-style-type: none"> <li>▪ উক্ত ব্যক্তিদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ কখন, কোথায় এবং কীভাবে তাদের সাথে যুক্ত হয়েছিলেন :</li> </ul>
১০	পরিবহন/স্থানান্তর এর খরচ কে বহন করেছিল?	<input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তি নিজেই <input type="checkbox"/> পরিবারের সদস্যগণ/আত্মীয়-স্বজন/বন্ধুবান্ধব <input type="checkbox"/> সংগ্রহকারী <input type="checkbox"/> অন্য কোন ব্যক্তি, সেক্ষেত্রে তার পরিচয় দিন :
১১	যদি পরিবহন/স্থানান্তর এর খরচ ভুক্তভোগী ব্যক্তি বা পরিবারের সদস্যগণ বা আত্মীয়-স্বজন বা বন্ধুবান্ধব বহন করে থাকেন, সেক্ষেত্রে কত টাকা দিতে হয়েছিল এবং লেনদেন কিভাবে করা হয়েছিল?	<input type="checkbox"/> টাকার পরিমাণ : <input type="checkbox"/> লেনদেন এর মাধ্যম :
১২	পরিবহন/স্থানান্তর এর জন্য ভুক্তভোগী ব্যক্তিকে কী কী কাগজপত্র (Documents) দেওয়া হয়েছিল?	<input type="checkbox"/> জাতীয় পরিচয় পত্র <input type="checkbox"/> জন্ম নিবন্ধন সনদ <input type="checkbox"/> পাসপোর্ট <input type="checkbox"/> ভিসা <input type="checkbox"/> নিকাহনামা / বিবাহের সনদপত্র <input type="checkbox"/> অন্য কোন দেশের পরিচয় পত্র (বর্ণনা দিন) : <input type="checkbox"/> অন্যান্য (বর্ণনা দিন) :

১৩	পরিবহন/স্থানান্তর এর কাগজপত্র কে সংগ্রহ করে দিয়েছিল?	<input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তি নিজেই <input type="checkbox"/> পরিবারের সদস্যগণ/আত্মীয়-স্বজন/বন্ধুবান্ধব <input type="checkbox"/> সংগ্রহকারী <input type="checkbox"/> ট্র্যাভেল এজেন্ট <input type="checkbox"/> অন্য কোন ব্যক্তি, সেক্ষেত্রে তার পরিচয় দিন :
১৪	ভুক্তভোগী ব্যক্তির কাছে চাকরির কোনো চুক্তিপত্র ছিল কিনা?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে চুক্তিপত্রের ধরন এবং বিষয়াদি বর্ণনা করুন :
১৫	পরিবহন/স্থানান্তর এর জন্য ভুক্তভোগী ব্যক্তিকে বিশেষভাবে প্রস্তুত করা হয়েছিল কিনা?	<input type="checkbox"/> বিশেষ কোনো প্রশিক্ষণ দেওয়া হয়েছে <input type="checkbox"/> পুলিশ, বর্ডার গার্ড, ইমিগ্রেশন পুলিশ, বা অন্য যে কোন কর্তৃপক্ষের হাতে ধরা পড়লে কি বলতে হবে তা শিখিয়ে দেওয়া হয়েছে (বর্ণনা দিন) :  <input type="checkbox"/> সীমান্ত এলাকায় পুলিশ, বর্ডার গার্ড, অথবা অন্য কোন আইন প্রয়োগকারী সংস্থার কোন সদস্যের সাথে যোগাযোগ হয়েছিল কি? :  <input type="checkbox"/> অন্যান্য (বর্ণনা দিন) :
১৬	পরিবহন/স্থানান্তর এর সময় কোনো আন্তর্জাতিক সীমান্ত (border) পার হয়েছিলেন কি না?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে অনুগ্রহ করে বর্ণনা করুন - <ul style="list-style-type: none"> <li>▪ সীমান্ত পার করার তারিখ :</li> <li>▪ সীমান্তের নাম / এলাকা :</li> <li>▪ কিভাবে উক্ত সীমান্ত পার হয়েছিলেন :</li> </ul>
১৭	ভুক্তভোগী ব্যক্তি, সীমান্ত পার হওয়ার আগে এবং/অথবা পরে, কোথাও আশ্রয় (গোপন বা লুকিয়ে রাখার উদ্দেশ্যে) নিয়েছিলেন কি না?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বর্ণনা করুন - <ul style="list-style-type: none"> <li>▪ আশ্রয়স্থলের মালিক/পরিচালক/ব্যবস্থাপক (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ আশ্রয়স্থলের ঠিকানা :</li> </ul>

১৮	সীমান্ত পার হতে কেউ সহায়তা করেছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বর্ণনা দিন - <ul style="list-style-type: none"> <li>▪ উক্ত ব্যক্তিদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ সংগ্রহকারীর সাথে উক্ত ব্যক্তিদের সম্পর্ক :</li> </ul>
১৯	পরিবহন/স্থানান্তর এর সময় কোনো ধরনের শারীরিক এবং/অথবা মানসিক ক্ষতি বা নির্যাতনের শিকার হয়েছেন কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বর্ণনা করুন – <ul style="list-style-type: none"> <li>▪ জড়িত ব্যক্তিদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ কোথায় (স্থান) :</li> <li>▪ ক্ষতি/নির্যাতনের বর্ণনা দিন :</li> </ul>
২০	পরিবহন/স্থানান্তর এর সময় কোনোভাবে শ্রম, যৌন বা অন্য যে কোনো ধরনের শোষণ বা নিপীড়নের শিকার হয়েছেন কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বর্ণনা করুন – <ul style="list-style-type: none"> <li>▪ জড়িত ব্যক্তিদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ কোথায় (স্থান) :</li> <li>▪ শোষণ বা নিপীড়ন এর বর্ণনা দিনঃ</li> </ul>

২১	<p>অনুগ্রহ করে পরিবহন/স্থানান্তর সংক্রান্ত অন্য যে কোনো গুরুত্বপূর্ণ তথ্য, যেমন- পরিবহন/স্থানান্তর এর সময় যেসব জায়গায় বিশ্রাম নিয়েছিলেন অথবা ঘুমিয়েছিলেন, পরিবহন/স্থানান্তর এর সময় তার থেকে জোরপূর্বক কিছু আদায় করা হয়েছিল কি না, পরিবহন/স্থানান্তর এর সময় কোনো ধরনের কাজ বা চাকরির সাথে সম্পৃক্ত হয়েছিলেন কি না, ইত্যাদি, এখানে বর্ণনা করুন।</p>	
২২	<p>পরিবহন/স্থানান্তর শেষে ভুক্তভোগী ব্যক্তি বাস্তবে কোথায় এসে পৌঁছায়?</p>	<p>■ বাংলাদেশের ভেতরে (এলাকা বর্ণনা করুন) :</p> <p>■ বাংলাদেশের বাইরে (দেশ ও এলাকা বর্ণনা করুন) :</p>
২৩	<p>পরিবহন/স্থানান্তর এর সময় সাথে থাকা ব্যক্তিদের মধ্যে কে কে ভুক্তভোগী ব্যক্তির সাথে গন্তব্যস্থলে পৌঁছাতে পেরেছিলেন, এবং বাকিরা বর্তমানে কোথায় আছেন?</p>	
২৪	<p>পৌঁছানোর পরপরই তাকে কোথায় রাখা হয়েছিল?</p>	<p><input type="checkbox"/> ঠিকানা :</p> <p><input type="checkbox"/> উক্ত স্থানের মালিক/পরিচালক/ব্যবস্থাপক (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার):</p>

### ৩. শোষণ/নিপীড়ন (EXPLOITATION/OPPRESSION)

২৫	<p>ভুক্তভোগী ব্যক্তিকে যেখানে রাখা হয়েছিল, সেখানে থাকার খরচ কে বহন করেছিল (সে নিজে অথবা অন্য কেউ)?</p>	<p><input type="checkbox"/> নিজে</p> <p><input type="checkbox"/> অন্য কোন ব্যক্তি, সেক্ষেত্রে তার পরিচয় দিন (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</p>
----	---	---



২৬	ভুক্তভোগী ব্যক্তি বন্দী অবস্থায় ছিলেন কি? অথবা তার বাইরে চলাচল নিয়ন্ত্রিত ছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বন্দী/নিয়ন্ত্রণকারীর পরিচয় দিন (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :  <input type="checkbox"/> কিভাবে বন্দী রাখা হতঃ
২৭	গন্তব্যস্থলে পৌঁছানোর পর পরিবারের সাথে বাধাহীনভাবে যোগাযোগ করতে পারতেন কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ
২৮	ভুক্তভোগী ব্যক্তিকে পর্যাপ্ত খাবার দেওয়া হত কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ
২৯	গন্তব্যস্থলে পুলিশ অথবা অন্য কোন কর্তৃপক্ষের হাতে ধরা পড়লে বা প্রশ্নের সম্মুখীনহলে কী বলতে হবে তা শিখিয়ে দেওয়া হয়েছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বলুন যে কী শিখিয়ে দেওয়া হয়েছিল :
৩০	ভুক্তভোগী ব্যক্তিকে দিয়ে গন্তব্যস্থলে কোন কাজ বা চাকরি করানো হয়েছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে কী কাজ বা চাকরি করানো হয়েছিল তা বিস্তারিতভাবে বর্ণনা করুন :
৩১	যদি কাজ বা চাকরির প্রতিশ্রুতি দিয়ে সংগ্রহ এবং/অথবা স্থানান্তর করা হয়ে থাকে, সেক্ষেত্রে সেই কাজ বা চাকরির প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল গন্তব্যস্থলে পৌঁছানোর পর সেই কাজ বা চাকরি দেওয়া হয়েছে কি?	<input type="checkbox"/> হ্যাঁ <input type="checkbox"/> না, সেক্ষেত্রে তা বিস্তারিতভাবে বর্ণনা করুন :
৩২	কাজ বা চাকরি করানোর জন্য কখনও ভয়ভীতি দেখানো, বলপ্রয়োগ করা বা কোন অসহায়ত্বকে কাজে লাগানোর ঘটনা ঘটেছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে তা বিস্তারিতভাবে বর্ণনা করুন :

৩৩	<p>ভুক্তভোগী ব্যক্তিকে তার ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ করানো হয়ে থাকলে, বা কোন ভাবে শোষণ বা নিপীড়ন করা হয়ে থাকলে, তাকে কিভাবে নিয়ন্ত্রণ করা হত?</p>	<p> <input type="checkbox"/> খাবার খেতে না দেওয়া  <input type="checkbox"/> জীবননাশের হুমকি  <input type="checkbox"/> পরিচয়পত্র বা ভ্রমণের কাগজপত্র জব্দ করা  <input type="checkbox"/> পরিবার, আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধবদের হুমকি  <input type="checkbox"/> নজরদারিতে রাখা  <input type="checkbox"/> সমাজ বা পরিবার থেকে বিচ্ছিন্ন করে রাখা  <input type="checkbox"/> চলাচলের উপর নিষেধাজ্ঞা  <input type="checkbox"/> শারীরিক নির্যাতন  <input type="checkbox"/> যৌন নির্যাতন  <input type="checkbox"/> মাদক সেবনে বাধ্য করা  <input type="checkbox"/> পারিশ্রমিক হিসেবে প্রাপ্য টাকা/অর্থ পরিশোধ না করা  <input type="checkbox"/> অন্যান্য, বর্ণনা করুন : </p>
৩৪	<p>ভুক্তভোগী ব্যক্তিকে কখনো বিক্রি করা হয়েছিল কি?</p>	<p> <input type="checkbox"/> না  <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বর্ণনা করুন : </p> <ul style="list-style-type: none"> <li>▪ কার বা কাদের নিকট (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ কোথায় (স্থান) :</li> <li>▪ বর্ণনা করুন :</li> </ul>
৩৫	<p>ভুক্তভোগী ব্যক্তি কখনও যৌন শোষণ বা নিপীড়নের শিকার হয়েছিলেন কি?</p>	<p> <input type="checkbox"/> না  <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বর্ণনা করুন : </p> <ul style="list-style-type: none"> <li>▪ জড়িতদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ কোথায় (স্থান) :</li> <li>▪ বর্ণনা করুন :</li> </ul>

৩৬	কখনও জোরপূর্বক ভিক্ষাবৃত্তিতে বাধ্য করা হয়েছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বর্ণনা করুন –
৩৭	ভুক্তভোগী ব্যক্তিকে দিনে অতিরিক্ত কর্মঘণ্টা (overtime) কাজ করতে হত কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বলুন কতঘণ্টা কাজ করতেন, এবং অতিরিক্ত কর্মঘণ্টার (overtime) টাকা পেতেন কিনা :
৩৮	ভুক্তভোগী ব্যক্তি কোন বেতন/পারিশ্রমিক পেতেন কি?	<input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তি পূর্ণ বেতন/পারিশ্রমিক পেতেন <input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তি আংশিক বেতন/পারিশ্রমিক পেতেন, সেক্ষেত্রে বর্ণনা করুন যে বাকি অংশ কাকে দিতে হতঃ  <input type="checkbox"/> ভুক্তভোগী ব্যক্তি কোন বেতন/পারিশ্রমিক পেতেন না, সেক্ষেত্রে বর্ণনা করুন যে কে পারিশ্রমিক গ্রহণ করত :
৩৯	ভুক্তভোগী ব্যক্তি কখনও পরিবারের কাছে টাকা পাঠাতে পেরেছেন কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বর্ণনা করুন যে কিভাবে, কতদিন পরপর এবং কত টাকা পাঠিয়েছেন :
৪০	ভুক্তভোগী ব্যক্তির শরীর থেকে কোনো অঙ্গ/প্রত্যঙ্গ সরিয়ে নেওয়ার কোন ঘটনা ঘটেছিল কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিতভাবে বর্ণনা করুন – <ul style="list-style-type: none"> <li>▪ জড়িতদের পরিচয় (নাম, পিতা/মাতার নাম, ঠিকানা, ফোন নাম্বার) :</li> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ কোথায় (স্থান) :</li> <li>▪ কিভাবে :</li> <li>▪ এসংক্রান্ত কোন প্রমাণাদি ভুক্তভোগী ব্যক্তির কাছে আছে কিনা : <ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> না</li> <li><input type="checkbox"/> হ্যাঁ হলে তা বর্ণনা করুন :</li> </ul> </li> </ul>

৪১	ভুক্তভোগী ব্যক্তি কখনও পালানোর/উদ্ধার হওয়ার চেষ্টা করেছেন কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ হ্যাঁ হলে বিস্তারিতভাবে বর্ণনা করুন – <ul style="list-style-type: none"> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ কোথায় (স্থান) :</li> <li>▪ কিভাবে :</li> </ul>
----	--	---

৪. উদ্ধার (RESCUE)		
৪২	ভুক্তভোগী ব্যক্তি বর্তমানে উদ্ধার হয়েছেন কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ হলে বিস্তারিতভাবে বর্ণনা করুন – <ul style="list-style-type: none"> <li>▪ কখন (দিন, তারিখ, সময়) :</li> <li>▪ উদ্ধারের স্থান (দেশ এবং এলাকা নির্দিষ্ট করে বিস্তারিত বলুন) :</li> <li>▪ কিভাবে (উদ্ধারের সাথে সম্পৃক্ত সকল ব্যক্তিবর্গ অথবা সংস্থার নাম ও ভূমিকাসহ বিস্তারিত বলুন) :</li> </ul>
৪৩	কোন পর্যায়ে উদ্ধার হয়েছেন বা পালিয়ে এসেছেন?	<input type="checkbox"/> গন্তব্যে পৌঁছানোর আগে, পরিবহনের সময় <input type="checkbox"/> গন্তব্যে পৌঁছানোর পরে, কিন্তু ভুক্তভোগী ব্যক্তির বিরুদ্ধে শোষণ বা নিপীড়ন শুরু হওয়ার আগে <input type="checkbox"/> গন্তব্যে পৌঁছানোর পরে, ভুক্তভোগী ব্যক্তির বিরুদ্ধে শোষণ বা নিপীড়ন শুরু হওয়ার পর

<p align="center"><b>৫. প্রত্যাবাসন/বাড়ি ফেরত আসা (REPATRIATION/HOME RETURN)</b></p> <p align="center"><b>ভুক্তভোগী ব্যক্তি এখনও উদ্ধার না হয়ে থাকলে এই অংশটি পূরণ করার প্রয়োজন নেই</b></p>		
৪৪	কীভাবে দেশে/বাড়িতে ফিরেছিলেন?	<input type="checkbox"/> নিজে পালিয়ে এসেছেন <input type="checkbox"/> প্রত্যাবাসন <ul style="list-style-type: none"> <li>○ সরকারী সংস্থার সহযোগিতায় দেশে ফেরা (সংস্থার নাম) :</li> <li>○ বেসরকারী সংস্থার সহযোগিতায় দেশে ফেরা (সংস্থার নাম) :</li> <li>○ উভয় (সংস্থার নাম) :</li> </ul>
৪৫	কবে দেশে/বাড়িতে ফেরত এসেছিলেন?	<ul style="list-style-type: none"> <li>■ প্রত্যাবাসন/বাড়ি ফেরত আসার তারিখ) :</li> <li>■ প্রত্যাবাসন/বাড়ি ফেরত আসার সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি এবং সংস্থার নাম ও ভূমিকা সহ বিস্তারিত বলুন :</li> </ul>
৪৬	ভুক্তভোগী ব্যক্তির নিকট প্রত্যাবাসন/উদ্ধার/বাড়ি ফেরত আসা-সংক্রান্ত কোনো কাগজপত্র আছে কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ হ্যাঁ হলে কী কী কাগজপত্র আছে তা বিস্তারিত বলুনঃ
৪৭	উদ্ধার হওয়ার পর অথবা পালানোর পর বর্তমানে কোথায় আছেন?	<input type="checkbox"/> নিজ বসতভিটায় <input type="checkbox"/> পরিবারে সাথে <input type="checkbox"/> আত্মীয়ের বাসায় <input type="checkbox"/> আশ্রয় কেন্দ্র / শেল্টার হোম (আশ্রয় কেন্দ্র / শেল্টার হোম এর নাম ও ঠিকানা) :  <input type="checkbox"/> জেলখানায় / ডিটেনশন সেন্টার (জেলখানা/ ডিটেনশন সেন্টার এর নাম ও ঠিকানা) :
৪৮	গন্তব্য দেশে উদ্ধার-পরবর্তী সময়ে আদালতে/পুলিশের কাছে কোনো জবানবন্দি দিয়েছিলেন কি না?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে বিস্তারিত বলুন যে কবে, কোথায় এবং কার কাছে জবানবন্দি দিয়েছিলেন :

৬. অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য (ANY OTHER IMPORTANT INFORMATION)		
৪৯	সংশ্লিষ্ট ঘটনা বিষয়ে দেশের অভ্যন্তরে বা গন্তব্য দেশে কোন কোনো মামলা দায়ের করা হয়েছে কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে উক্ত মামলা সম্পর্কে বিস্তারিত বলুন (মামলা নং, দায়ের করার তারিখ, বাদীর/অভিযোগকারীর নাম ও ঠিকানা, এবং কোন থানা, জেলা, ও দেশ এ মামলা দায়ের করা হয়েছে, ইত্যাদি) :
৫০	ভুক্তভোগী ব্যক্তি বা অভিযোগকারীর জানামতে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অন্য কোন মামলা চলমান আছে কি?	<input type="checkbox"/> না <input type="checkbox"/> হ্যাঁ, সেক্ষেত্রে উক্ত মামলা সম্পর্কে বিস্তারিত বলুন (মামলা নং, দায়ের করার তারিখ, বাদীর/অভিযোগকারীর নাম ও ঠিকানা, এবং কোন থানা, জেলা, ও দেশ এ মামলা দায়ের করা হয়েছে, ইত্যাদি) :
৫১	অন্য যে কোন গুরুত্বপূর্ণ তথ্যঃ	

## দ্বিতীয় অংশ : মূল্যায়ন

প্রথম অংশে সংগ্রহকৃত তথ্যের আলোকে নিচের প্রশ্নগুলির উত্তরে টিক চিহ্ন দিতে হবে। যদি এই অংশের তিনটি প্রশ্নেই অন্তত একটি করে টিক (✓) পাওয়া যায়, তাহলে ভুক্তভোগী ব্যক্তির ঘটনা “মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২”-এর ধারা ৩ উপধারা (১) মোতাবেক একটি মানব পাচার অপরাধ হিসেবে গণ্য হবে। একই সাথে, উক্ত ধারার উদ্দেশ্য পূরণকল্পে, যদি কোন ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তরে বা বাইরে প্রতারণার মাধ্যমে, অসৎ উদ্দেশ্যে এবং বাধ্যতামূলক শ্রম বা 'সার্ভিচিউড' (servitude) বা আইনের ধারা-২ এর উপ-ধারা (১৫) এ বর্ণিত কোনো শোষণ বা নিপীড়নমূলক পরিস্থিতির (অর্থাৎ, নিচের ৩ নং প্রশ্নের উত্তরগুলীতে বর্ণিত শোষণ বা নিপীড়ন মূলক কর্মকাণ্ড) শিকার হতে পারে তা জানা থাকা সত্ত্বেও অন্য কোন ব্যক্তিকে কাজ বা চাকরির উদ্দেশ্যে গমন, অভিবাসন বা বহির্গমন করতে প্রলুব্ধ বা সহায়তা করে, তাহলে উক্ত ব্যক্তির উক্ত কর্মও আইনের উপ-ধারা (১) এ সংজ্ঞায়িত "মানব পাচার" এর অন্তর্ভুক্ত হবে।

১. (কার্যাবলি) ভুক্তভোগী ব্যক্তির বিরুদ্ধে কী কী কার্যাবলী সংঘটিত হয়েছিল (সম্মতিক্রমে বা বিনা সম্মতিতে করা হয়েছে কিনা তা বিবেচনা করার কোন প্রয়োজন নেই) :

- ক. বিক্রয় বা ক্রয়
- খ. সংগ্রহ বা গ্রহণ
- গ. নির্বাসন বা স্থানান্তর
- ঘ. চালান বা আটক করা বা লুকিয়ে রাখা বা আশ্রয় দেওয়া

২. (উপায়) ভুক্তভোগী ব্যক্তির বিরুদ্ধে সংঘটিত কার্যাবলী, অর্থাৎ ১ নং প্রশ্নের উত্তরে যেগুলি টিক দেওয়া হয়েছে, তা কী উপায়ে সংঘটিত হয়েছিল (ভুক্তভোগী ব্যক্তির বয়স ১৮ বছরের কম হলে এই প্রশ্নটি বিবেচনা করার প্রয়োজন নেই) :

- ক. ভয়-ভীতি বা বলপ্রয়োগ করে
- খ. প্রতারণার মাধ্যমে সম্মতি গ্রহণ করে অথবা না করে
- গ. আর্থ-সামাজিক বা পরিবেশগত বা অন্য কোনো অসহায়ত্বকে (vulnerability) কাজে লাগিয়ে
- ঘ. অর্থ বা অন্য কোনো সুবিধা (benefits) লেনদেন-পূর্বক উক্ত ব্যক্তির উপর নিয়ন্ত্রণ রয়েছে এমন ব্যক্তির সম্মতি গ্রহণ করে

৩. (উদ্দেশ্য) ভুক্তভোগী ব্যক্তির বিরুদ্ধে সংঘটিত কার্যাবলী, অর্থাৎ ১ নং প্রশ্নের উত্তরে যেগুলি টিক দেওয়া হয়েছে, তা কী উদ্দেশ্যে সংঘটিত হয়েছে :

- ক. পতিতাবৃত্তি বা যৌন শোষণ বা নিপীড়নের মাধ্যমে শোষণ বা নিপীড়ন
- খ. পতিতাবৃত্তি অথবা পর্নোগ্রাফি উৎপাদন বা বিতরণে নিয়োজিত করে মুনাফা ভোগ
- গ. জবরদস্তিমূলক শ্রম বা সেবা আদায়
- ঘ. ঋণ-দাসত্ব (debt-bondage), দাসত্ব বা সার্ভিচিউড (servitude), দাসত্বরূপ কর্মকাণ্ড বা গৃহস্থালিতে সার্ভিচিউড;
- ঙ. প্রতারণামূলক বিবাহের মাধ্যমে শোষণ বা নিপীড়ন
- চ. জোরপূর্বক বিনোদন ব্যবসায় ব্যবহার
- ছ. ভিক্ষাবৃত্তিতে বাধ্য করা
- জ. ব্যবসা করার উদ্দেশ্যে অঙ্গপ্রত্যঙ্গ হানি বা বিকলাঙ্গ করা
- ঝ. অন্য যে কোন শোষণ বা নিপীড়ন (শোষণ বা নিপীড়ন এর সংজ্ঞা দেখার জন্য আইনের ধারা ২ উপধারা ১৫ দেখুন)

তথ্যসংগ্রহকারীর মন্তব্য (ভুক্তভোগী ব্যক্তি মানব পাচারের শিকার ব্যক্তি/ভিকটিম কিনা)

- ☐ হ্যাঁ
- ☐ না

তথ্য গ্রহণের তারিখ:	
<p style="text-align: center;"><b>তথ্য গ্রহণকারী</b></p> <p>নাম ও পদবীঃ</p> <p>স্বাক্ষর :</p> <p>ফোন নাম্বারঃ</p>	<p style="text-align: center;"><b>উপরে প্রদত্ত সকল তথ্য আমার জানা মতে সত্য এবং তা আমার সম্মতি সহকারে গ্রহণ করা হয়েছে।</b></p> <hr/> <p style="text-align: center;"><b>তথ্য প্রদানকারী</b></p> <p>নাম :</p> <p>স্বাক্ষর :</p> <p>ফোন নাম্বারঃ</p>